



বঙ্গভবনে শপথ নিলেন নতুন ৪ মন্ত্রী, ২ প্রতিমন্ত্রী



ছবি: সংগৃহীত

প্রধানমন্ত্রী তারেক রহমানের নেতৃত্বাধীন বিএনপি সরকারের মন্ত্রিসভার পরিধি বাড়ছে। নতুন করে চারজন মন্ত্রী ও দুজন প্রতিমন্ত্রী দায়িত্বে এসেছেন। শুক্রবার (২১ আগস্ট) রাতে বঙ্গভবনে আনুষ্ঠানিক শপথের মাধ্যমে সরকারের নতুন এই ছয় সদস্য দায়িত্ব গ্রহণ করেন।

রাত পৌনে ৮টার দিকে বঙ্গভবনের দরবার হলে নতুন রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীর তাদের শপথবাক্য পাঠ করান। এর কিছুক্ষণ আগে একই স্থানে তিনি দেশের ২৩তম রাষ্ট্রপতি হিসেবে শপথ নিয়েছিলেন।

নতুন চার মন্ত্রীর মধ্যে রয়েছেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য ও নরসিংদী-২ আসনের সংসদ সদস্য ড. আব্দুল মঈন খান, বিজেপি চেয়ারম্যান ও ভোলা-১ আসনের সংসদ সদস্য ব্যারিস্টার আন্দালিব রহমান পার্থ, বান্দরবানের সংসদ সদস্য সাচিং ফ্র জেরী এবং জামালপুর-১ আসনের এম রশিদুজ্জামান মিল্লাট।

আর প্রতিমন্ত্রী হিসেবে শপথ নিয়েছেন প্রধানমন্ত্রীর পররাষ্ট্র বিষয়ক উপদেষ্টা হুমায়ুন রশিদ এবং গাইবান্ধা-৪ আসনের সংসদ সদস্য মোহাম্মদ শামীম কায়সার লিংকন।

নতুন ছয় সদস্যের শপথের মধ্য দিয়ে প্রধানমন্ত্রী তারেক রহমানের নেতৃত্বাধীন সরকারের মন্ত্রিসভায় আনুষ্ঠানিকভাবে তাদের অন্তর্ভুক্তি সম্পন্ন হলো।